# প্রশ্নোত্তরে গ্রামীন জল ব্যবহারকারী কমিটির (ডব্লু.ইউ.সি.) সদস্যদের ব্যবহারের জন্য পুস্তিকা





water for people
INDIA

## ১। জল ব্যবহারকারী কমিটি কি?

বিগত কয়েক দশক ধরে সংক্রামক রোগের প্রকোপ কমাতে জল ও স্বাস্থ্যবিধি বিষয়ে অপরিহার্য কিন্তু পদক্ষেপ নেওয়া হয়েছে। বর্তমান কালেও মনে করা হয় যে নিরাপদ পানীয় জলের ব্যবস্থা আনুমানিক ১.১ মিলিয়ন মানুষের কাছে পৌঁছাতে পারেনি এবং ২.৫ বিলিয়ন লোকের যথাযথ স্বাস্থ্য ব্যবস্থার ঘাটতি আছে। বিগত কয়েক বছর ধরে পানীয় জলের গুণগত মানের সমস্যার জন্য (Water Qaulity Problem)।

গ্রামস্তরে পানীয় জলের উৎসের রক্ষণাবেক্ষণ করা একটি অন্যতম বড় সমস্যা। এই সমস্যার একমাত্র সমাধান হল ঐ পানীয় জলের উৎস যারা প্রতিদিন ব্যবহার করেন তাদের নিয়ে একটি কমিটি গঠন করা যে কমিটি প্রতিনিয়ত ঐ উৎসের রক্ষণাবেক্ষণ করবেন। এই উদ্দেশ্যে প্রতিটি পানীয় জলের উৎসের ব্যবহারকারীদের নিয়ে একটি করে জল ব্যবহারকারী কমিটি গঠন করা হয়েছে। এই কমিটিকে পানীয় জলের সুব্যবস্থা ও তার গুণগত মানের বিশেষ রক্ষণাবেক্ষণে দায়িত্ব নেওয়া হয়েছে। পাশাপাশি জলের উৎসের রক্ষণাবেক্ষণ করার জন্য জল ব্যবহারকারী কমিটি গঠন বিশেষ গুরুত্বপূর্ণ। বাড়ি বাড়ি পরিশুদ্ধ পানীয় জলের সরবরাহ এবং প্রাকৃতিক বিপর্যয়ের সময়ে নিরাপদ পানীয় জলের যোগানের জন্য 'জল ব্যবহারকারী কমিটির' ভূমিকা বিশেষ গুরুত্বপূর্ণ। পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনা জেলার অন্তর্গত পাথরপ্রতিমা ও সাগর ব্লকের অধিনস্থ ২৩টি গ্রাম পঞ্চায়েতে প্রায় ৭৫০টি জল ব্যবহারকারী কমিটি গঠিত হয়েছে।

## ২। জল ব্যবহারকারী কমিটির (ডব্লু.ইউ.সি.) সদস্যদের নিয়ে প্রশিক্ষণের উদ্দেশ্য কি?

জলসহায়ক কমিটি যাতে সঠিক পদ্ধতিতে নিরাপদ পানীয় জলের সরবরাহ এবং জলের উৎসের সঠিক রক্ষণাবেক্ষণ করতে পারে তার জন্য কমিটির সদস্যের প্রশিক্ষণের প্রয়োজন।

## ৩। জল ব্যবহারকারী কমিটির (ডব্লু.ইউ.সি) পক্ষ থেকে কে কে এই প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন?

এই জলসহায়ক কমিটিতে যে ৭ থেকে ১৫ জন সদস্য থাকবেন তারাই এই প্রশিক্ষণে আবশ্যিকভাবে অংশগ্রহণ করবেন। এছাড়াও গ্রামের কিছু বিশিষ্ট ব্যক্তি যাদের মতামত গ্রহণযোগ্য তারাও এই প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারেন।

৪। জল ব্যবহারকারী কমিটির (ডব্লু.ইউ.সি) প্রশিক্ষণে কি ধরণের পদ্ধতি অবলম্বন করা হবে?

- আলোচনা ভিত্তিক।
- জলসহায়ক কমিটি সম্পর্কিত তথ্যচিত্র পরিবেশন।
- পারস্পরিক বোঝাপড়া ও আলোচনা ভিত্তিক।

৫। জল ব্যবহারকারী কমিটির (ডব্লু.ইউ.সি) প্রশিক্ষণের বিষয়বস্তু

- গ্রামস্তরে জল ব্যবহারকারী কমিটির ভূমিকা
- জল ব্যবহারকারী কমিটির গঠন
- জল ব্যবহারকারী কমিটির দায়িত্ব
- জল ব্যবহারকারী কমিটির জনস্বাস্থ্য সম্পর্কিত দায়িত্ব
- পানীয় জলের গুণগত মান নির্ণয় ও তার রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে জল ব্যবহারকারী কমিটির দায়িত্ব
- জল ব্যবহারকারী কমিটির কাজের জন্য আই.ই.সি. (IEC) সংক্রান্ত পরিকল্পনা

## ৬। জল ব্যবহারকারী কমিটির ভূমিকা

**গ্রামস্তরে জল ব্যবহারকারী কমিটি জল সম্পর্কিত বিভিন্ন সিদ্ধান্ত নেবে -**

- কত পরিমাণ পানীয় জল গ্রামের প্রতিটি মানুষের প্রয়োজন?
- গ্রামে পানীয় জলের উৎসগুলি কী কী?
- প্রাকৃতিক দুর্যোগের সময় কী ধরনের জলের যোগানের ব্যবস্থা করতে হবে?
- গ্রাম ভিত্তিক ছোট ছোট জলের স্কীমকে রূপ দিতে গ্রামের প্রতিটি পরিবার কতখানি সাহায্য সহযোগিতা করতে পারবেন?
- গ্রামের প্রতিটি পরিবার নিরাপদ পানীয় জল সরবরাহের জন্য কত টাকা চাঁদা দিতে ইচ্ছুক?



নিরাপদ ও বিশুদ্ধ পানীয় জল পাওয়ার জন্য তফসিলী জাতি, উপজাতি এবং দরিদ্র সীমার নিচে বসবাসকারী পরিবারদের জন্য কতখানি ভর্তুকি দেওয়া যেতে পারে ?

'জল ব্যবহারকারী কমিটি' একটি নির্দিষ্ট পানীয় জলের উৎসের পরিকল্পনা, রূপায়ণ এবং রক্ষণাবেক্ষণ করবে।

## ৭। 'জল ব্যবহারকারী কমিটি' কিভাবে গঠিত হবে :

**জল ব্যবহারকারী কমিটি গঠনের জন্য বিশেষ কয়েকটি পদক্ষেপ গুরুত্বপূর্ণ :**

ব্লক বা পঞ্চায়েত স্তরে একটি সংগঠিত আবেদনপত্র যাতে কমপক্ষে ৫০টি পরিবারের হস্তাক্ষর থাকে এবং আবেদনপত্রে একটি গভীর নলকূপের প্রয়োজনীয়তা ও তা নির্দিষ্ট এলাকাতে বসানোর আবেদন থাকে।

নলকূপটি বসানোর জন্য প্রয়োজনীয় জমির নির্ধারণ।

যদি কোন ব্যক্তিগত মালিকানাধীন জমি হয় তবে জমির দাতার সাথে উক্ত কমিটির সঠিক চুক্তিপত্র স্বাক্ষর প্রয়োজন।

এই 'জল ব্যবহারকারী কমিটি'তে

সঠিক নাম নির্ধারিত হবে এবং কমিটির দায়-দায়িত্ব কী হবে তা নিয়ে আলোচনা হবে।

- পরবর্তী পর্যায়ে স্থানীয় ব্যাঙ্কে একটি অ্যাকাউন্ট খোলা এবং তাতে সঠিকভাবে পরিচালনা করা 'জল ব্যবহারকারী কমিটি'র দায়িত্ব হবে।

## ৮। জল ব্যবহারকারী কমিটির দায়িত্ব :

- উক্ত কমিটির একটি নির্দিষ্ট রেজিস্ট্রেশন ও নিয়ম সংক্রান্ত এই রক্ষণাবেক্ষণ করবে।
- উক্ত কমিটি জল সংক্রান্ত চাঁদা গ্রহণের জন্য একটি রসিদ বই ব্যবহার করবে।
- উক্ত কমিটি নিরাপদ জলের উৎসটি রক্ষণাবেক্ষণের জন্য গ্রামস্তরে মাসিক / ছয় মাসে একবার / বাৎসরিক হারে চাঁদা সংগ্রহ করতে পারবে।
- পানীয় জলের উৎসটি অন্ততঃ বছরে একবার রং করার দায়িত্ব থাকবে উক্ত কমিটির।
- উক্ত কমিটি প্রতিবছর নলকূপ স্থাপনের দিনটি বিশেষ উপায়ে উদযাপন করবে।
- উক্ত কমিটির মাসিক / বাৎসরিক মিটিং-এর মাধ্যমে সমস্যা ও সমাধানের বিশেষ উপায়গুলি নিয়ে আলোচনা করবে।
- উক্ত কমিটি নিয়মিতভাবে মিটিং-এর সিদ্ধান্তগুলি লিপিবদ্ধ করবে।
- উক্ত কমিটি তার বাৎসরিক মিটিং-এ সারাবছর খরচ-খরচার হিসাব কমিটির অন্যান্য সদস্যদের সামনে প্রকাশ করবে।

## জল ব্যবহারকারী কমিটির জনস্বাস্থ্য সম্পর্কিত দায়িত্ব :

**'জল ব্যবহারকারী কমিটির' শুধু নিরাপদ পানীয় জল সরবরাহ ছাড়াও আরো বিশেষ কিছু আশু কর্তব্যও রয়েছে -**

- যেকোন সময়ে গ্রাম পরিদর্শন।
- জল ও জনস্বাস্থ্য সম্পর্কিত যেকোন মিটিং-এ অংশগ্রহণ।
- সুনির্দিষ্ট পদ্ধতিতে সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা ও তার নিয়মিত পর্যবেক্ষণ।
- গ্রাম সংসদে মিটিং-এ অংশগ্রহণ।



- গ্রামস্তরে 'বিশ্ব জল দিবস' এবং 'হাত ধোয়া দিবস' পালন।
- পাড়া নজরদারী কমিটিতে সদস্যদের যোগদান।

## ৯। পানীয় জলের গুণগত মান নির্ণয় ও তার রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে জল ব্যবহারকারী কমিটির দায়িত্ব

- পানীয় জলের গুণগত মান অন্ততঃ বৎসরে দুইবার (রাসায়নিক / বাহ্যিক / জীবাণু দূষণ) পরীক্ষা করান একান্ত ভাবে প্রয়োজন।
- উক্ত কমিটি অবশ্যই জল পরীক্ষার রিপোর্ট ক্রমস্তরে সকলের সাথে ভাগ করবে।
- পানীয় জলের উৎসে জীবাণু দূষণ ধরা পড়লে তাকে ব্লিচিং পাউডার সহযোগে দূষণ মুক্তি করার দায়িত্ব উক্ত কমিটির। কমিটির সদস্যগণ প্রয়োজনে কারিগরী সহযোগিতা ব্লক বা জেলাস্তরের জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগ থেকেও নিতে পারে।
- টিউবওয়েল ও নলবাহিত জল যোগানের জন্যে পেশাদারী সাহায্য যাতে পাওয়া যায়, সেইদিকে সর্বদা সুনিশ্চিত রাখা।
- টিউবওয়েলের যন্ত্রণাংশ যাতে পাওয়া যায় সেদিকে নজরে রাখা এবং মিস্ত্রী যাতে নিয়মিত দেখাশোনা করেন, সেই বিষয়টি সুনিশ্চিত করা।
- টিউবওয়েল বা নলকূপটি যদি কোনো কারণে ভেঙে যায় বা অকেজো হয়ে পরে তবে 'জলবন্ধুর' মাধ্যমে বা টেকনিসিয়ানের মাধ্যমে ২৪ ঘণ্টার মধ্যে মেরামতির ব্যবস্থা করা।
- উক্ত কমিটি কিছু প্রয়োজনীয় যন্ত্রাংশ যেমন নাট, বল্টু, সকেট, সিট ভালভ, ওয়াসার, পাইপ, রড ইত্যাদি নিজেদের যোগানে সর্বদা রাখবে।
- জল যোগানের যে ব্যবস্থা হয়েছে, তার রক্ষণাবেক্ষণের জন্য পরিচালকের যাতে যথেষ্ট প্রযুক্তিগত প্রশিক্ষণ থাকে এবং আর্থিক দেখাশোনার জন্য তার দক্ষতা আছে কিনা, সেই বিষয়ে নজর রাখা দরকার।
- উক্ত কমিটির আবশ্যিকভাবে বিভিন্ন মালপত্রের জন্য নির্দিষ্টভাবে একটি হিসেবের খাতা তৈরি করা এবং মালপত্র মজুত রাখার খাতা তৈরি করা কর্তব্য।
- বিভিন্ন তথ্য, প্রতিবেদনে, হিসাবপত্র সঠিকভাবে রক্ষা করা উক্ত কমিটির একান্ত কর্তব্য

## জল ব্যবহারকারী কমিটির কাজের জন্য আই.ই.সি (IEC) সংক্রান্ত পরিকল্পনা

- পানীয় জলের নিরাপত্তা বিষয়ে পথনাটিকার আয়োজন করা।
- দেওয়াল লিখন ও পোস্টারের মাধ্যমে সচেতনতা বৃদ্ধি।
- পানীয় জলের নিরাপত্তা বিষয়ে গ্রামের মধ্যে ছাত্র এবং যুবকদের নিয়ে মিছিল করা।
- নির্ধারিত বিষয়ের উপর বিশেষ বক্তৃতা এবং বিভিন্ন চিত্র প্রদর্শনীর আয়োজন করা।
- গ্রামস্তরে প্রতিনিধি যেমন স্কুল শিক্ষক, আশা কর্মী, পোস্টম্যান, ধর্মীয় নেতৃবৃন্দ, অবসরপ্রাপ্ত চাকুরীজীবী ব্যক্তিদের নিয়ে আলোচনা সভা।



water for people INDIA

**Water For People**

26/1/1, Gariahat Road (South)
Kolkata 700 031, West Bengal
Tel. +91 33 4006 4954   +91 33 2418 7600
www.waterforpeople.org